

কালের কন্ঠ : কর্মসংস্থানের ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা কর্মসূচি কতটা কার্যকর ভূমিকা রাখছে?

ড. ফাহিমদা : প্রাকৃতিক দুর্যোগ ও বিশ্ব অর্থনৈতিক মন্দার মতো নানা সংকটময় সময়ে দরিদ্র বা ভুল্ল জনগোষ্ঠীকে সহায়তা করার বিশেষ প্রয়োজন হয়। দরিদ্ররা ওই সময়গুলোতে আরো বেশি নাজুক হয়ে পড়ে। বর্তমানে বাংলাদেশে ৬৪টি সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি রয়েছে। কিন্তু একটি সামগ্রিক এবং সমন্বিত সামাজিক নিরাপত্তা কর্মকৌশল নেই। বেশির ভাগই খণ্ডিতভাবে বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগ আলাদা আলাদাভাবে বাস্তবায়ন করছে। ফলে এতে উপকার সর্বোচ্চ পরিমাণে পাওয়া যায় না। আবার এই কর্মসূচি বাস্তবায়নের জন্য পর্যাপ্ত আইনি ভিত্তিও তৈরি করা হয়নি। কর্মসংস্থানের বা লোকের কাজ দেওয়ার কোনো নিশ্চয়তা এই কর্মসূচিগুলো দেয় না। এমনকি যেগুলো কর্মসূচনমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি সেগুলোতেও এই নিশ্চয়তা নেই। আবার সামাজিক নিরাপত্তা বেষ্টনীর জন্য বরাদ্দ সম্পদ পর্যাপ্ত নয়। ২০১১ অর্থবছরে এটি ছিল জিডিপি ২.৫ শতাংশ, এশীয় দেশগুলোতে এর পরিমাণ গড়ে জিডিপি ৪ শতাংশ। স্বাধীনতার ৪০ বছরে আমাদের প্রচেষ্টার কারণে দারিদ্র্য কমেছে ঠিকই; কিন্তু যারা দরিদ্র নয়, নিম্ন মধ্যবিত্ত, তারা বিভিন্ন সংকটের সময় দারিদ্র্যসীমার নিচে নেমে যায়। ফলে অর্থনৈতিক মন্দা বা প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হলে তাদের ঘুরে দাঁড়ানোর সুযোগ কম থাকে। তাই তাদের কর্মসংস্থান এবং আয় বৃদ্ধির জন্যও কর্মসূচি থাকা প্রয়োজন। তাদের জন্যও সামাজিক সুরক্ষা কর্মসূচির প্রয়োজন রয়েছে।

কালের কন্ঠ : সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

ড. ফাহিমদা : আপনাকেও ধন্যবাদ।

Print

সম্পাদকমণ্ডলীর সভাপতি : মোস্তফা কামাল মহীউদ্দীন, ভারপ্রাপ্ত সম্পাদক : ইমদাদুল হক মিলন, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের সঙ্গে মোস্তফা কামাল মহীউদ্দীন কর্তৃক গঠিত- ৩৭১/ এ, রক- ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং গঠিত- সি/ ৫২, রক- কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়্যা, ঢাকা- ১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, গঠিত- ৩৭১/ এ, রক- ডি, বারিধারা, ঢাকা- ১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২- ৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮- ৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com